লেন্স এশিয়া

১৯ ডিসেম্বর, ২০২৫

# ওসমান হাদির মৃত্যুতে জামায়াতে ইসলামের শোক প্রকাশ




সংগৃহীত ছবি

সিঙ্গাপুরে চিকিৎসাধীন অবস্থায় গুলিবিদ্ধ ইনকিলাব মঞ্চের মুখপাত্র ও ঢাকা-৮ আসনের স্বতন্ত্র প্রার্থী শরিফ ওসমান হাদি মারা গেছেন। তার মৃত্যুতে বাংলাদেশ জামায়াতে ইসলামী শোক প্রকাশ করেছে।

জামায়াতের ভেরিফায়েড ফেসবুক পেজে বৃহস্পতিবার এক শোক বার্তায় লিখেন,"ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। জনাব শরিফ ওসমান হাদি আজ সিঙ্গাপুরে চিকিৎসাধীন অবস্থায় শাহাদাত বরণ করেছেন। মহান আল্লাহ তাকে ক্ষমা করুন, তার প্রতি রহম করুন এবং জান্নাতুল ফিরদাউসে উঁচু মাকাম দিন।"

ওসমান হাদির ভেরিফায়েড ফেসবুক পেজ ও ইনকিলাব মঞ্চের পেজেও তার মৃত্যুর বিষয়টি নিশ্চিত করা হয়েছে। সেখানে বলা হয়েছে, "ভারতীয় আধিপত্যবাদের মোকাবিলায় মহান বিপ্লবী ওসমান হাদিকে আল্লাহ শহিদ হিসেবে কবুল করেছেন।"

জাতীয় নির্বাচনের তফসিল ঘোষণার পরদিন, ১২ ডিসেম্বর, পুরানা পল্টনের বক্স কালভার্ট সড়কে চলন্ত মোটরসাইকেল থেকে দুর্বৃত্তরা রিকশায় থাকা ওসমান হাদিকে গুলি করে। তার ব্রেনের অস্ত্রোপচার ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে হয়েছে এবং পরে তাকে এভারকেয়ার হাসপাতালে স্থানান্তর করা হয়। ১৫ ডিসেম্বর দুপুরে উন্নত চিকিৎসার জন্য এয়ার অ্যাম্বুলেন্সে সিঙ্গাপুরে নেওয়া হয়, যেখানে তিনি চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন।